

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 09-11-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- 1) বাড়ি বাড়ি না গিয়ে অন্য জায়গা থেকে এন্যুমারেশন ফর্ম বন্টনের ক্ষেত্রে কড়া অবস্থান নিয়েছে নির্বাচন কমিশন। ৮ বিএলও-কে শোকজ।
- 2) ভোটকর্মী ও বিএলও ঐক্যমত্বে এরাজ্য এন্যুমারেশন ফর্ম বন্টনের সময়সীমা বৃদ্ধির দাবি জানিয়েছে। গতরাত ৮-টা পর্যন্ত ৪ কোটি ১৭ লক্ষেরও বেশি এন্যুমারেশন ফর্ম বন্টন করা হয়েছে।
- 3) রাজ্যের একাধিক পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে রদবদল।
- 4) দ্বিতীয় হৃগলী সেতু আজ ভোট পাঁচটা থেকে রাত ৯-টা পর্যন্ত যান চলাচলের জন্য বন্ধ রয়েছে।
- 5) ফিট ইন্ডিয়া মুভমেন্টের আওতায় কলকাতায় আজ অনুষ্ঠিত হচ্ছে ফিট ইন্ডিয়া সাইক্লোথন।
- 6) কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই শীতের আমেজ।
- 7) সিএবি এবং রাজ্য সরকারের পক্ষ থেকে মহিলা ক্রিকেট বিশ্বকাপজয়ী দলের সদস্য রিচা ঘোষকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বুথ লেভেল অফিসার বিএলও-রা এন্যুমারেশন ফর্ম বাড়ি বাড়ি না গিয়ে অন্য জায়গা থেকে বিলি করছেন, এমন অভিযোগের ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা নিচে নির্বাচন কমিশন। ইতোমধ্যেই ৮জন BLO-কে শো কজ করা হয়েছে। কোচবিহার, উত্তর ২৪ পরগনার মতো জেলার বিএলও-রা এই তালিকায় রয়েছেন বলে সুন্দের খবর। বাড়ি বাড়ি গিয়ে এসআইআর ফর্ম দেওয়ার বদলে স্কুল, পার্টি অফিস থেকে ফর্ম দেওয়ার অভিযোগেই এই শোকজ বলে জানা যাচ্ছে। বিএলও সংক্রান্ত কোন অভিযোগ থাকলে একটি হেল্পলাইন নম্বরও চালু করেছে কমিশন। এটি হলো ০৩৩-২২৩১-০৮৫০। বিএলও-দের কাজকর্মের উপর নজরদারির জন্য জেলা স্তরে কন্ট্রোল রুম তৈরি করতে বলা হয়েছে। প্রতি ১০ টি বুথের জন্য একজন করে বিএলও সুপারভাইজার নিয়োগের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। কোন বিএলও ঠিক মত দায়িত্ব না পালন করলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে বলে জানানো হয়েছে। এখনও পর্যন্ত ৮ জন বিএলও-কে শোকজ করেছে কমিশন।

সম্প্রতি বিধি মেনে বিএলও-রা যাতে শুধুমাত্র ভোটারদের বাড়ি গিয়ে এই ফর্ম বিলি করেন তা নিশ্চিত করতে প্রত্যেক জেলার নির্বাচনী আধিকারিক তথা জেলাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। সেই নির্দেশে বলা হয়েছে এস আই আর-এর ফর্ম বিলি বা জমা নেওয়ার ক্ষেত্রে বিহার মডেল অনুসরণ করতে হবে। অর্থাৎ তা বাড়িতে গিয়ে দেওয়া এবং সংগ্রহ করার কাজ করতে হবে সংশ্লিষ্ট বিএলও-কে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটকর্মী ও BLO এক্য মঞ্চ এরাজ্য এনিউমারেশন ফর্ম বন্টনের সময়সীমা বৃদ্ধির দাবি জানিয়েছে। মধ্যের তরফে গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল কে চিঠি দিয়ে এনিউমারেশন ফর্ম বিতরণের সময়সীমা আগামী ১৫

নভেম্বর পর্যন্ত বৃদ্ধির দাবি জানানো হয়েছে। এই ফর্ম বিলির কাজ গত চোরা নভেম্বর শুরু হলেও মুদ্রিত ফর্মের পর্যাপ্ত যোগান না থাকায় রাজ্যের বিভিন্ন অংশে BLO রা সম্প্রতি ফর্ম বিতরণের কাজ শুরু করেছেন। কিছু ক্ষেত্রে ERO দপ্তর থেকে প্রথম দুদিনে ফর্ম পাওয়া যায় নি বলেও চিঠিতে দাবি করা হয়। এর পাশাপাশি বেশ কিছু জায়গায় শাসক দলের BLA রা মৃত ভোটারদের পরিবারের সদস্যদের কাছে ফর্ম বিলি করতে বাধ্য করেছেন এবং কয়েকটি ক্ষেত্রে শাসক দলের BLA দের হাতে ফর্ম তুলে দিতে বাধ্য করা হয়েছে বলেও ওই চিঠিতে অভিযোগ করা হয়। উল্লেখ্য, এনিউমারেশন ফর্ম বিলির সময়সীমা আগামী ১১ই নভেম্বর শেষ হচ্ছে। গতরাত ৮-টা পর্যন্ত ৪ কোটি ১৭ লক্ষের বেশি এন্যুমারেশন ফর্ম বন্টন করা হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস SIR নিয়ে দ্বিচারিতা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, তৃণমূল কংগ্রেস নেতৃী মমতা ব্যানার্জি SIR করতে দেবেন না বলে পথে নেমে আন্দোলন করেছেন।

অন্যদিকে SIR নিয়ে নির্বাচন কমিশনের ডাকা বৈঠকে শাসক দল অংশগ্রহণ করে এই প্রক্রিয়ায় সম্মতি জানিয়েছে। পাশাপাশি SIR নিয়ে মিথ্যাচার ও ভুল তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা চলছে।

(বাইট- শুভেন্দু SIR)

এস আই আর সংক্রান্ত কাজে যে কোন সমস্যার ক্ষেত্রে বিজেপি জেলা ভিত্তিক হেল্পলাইন নম্বর প্রকাশ করেছে। সকাল ৯-টা থেকে সন্ধ্যা ৬-টা পর্যন্ত সাধারণ মানুষ ওই হেল্পলাইন নম্বরগুলিতে ফোন করতে পারবেন বলে সামাজিক মাধ্যমে এক পোস্টে বিরোধী দলনেতা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এন্যুমারেশন ফর্ম পুরণের ক্ষেত্রে সাধারণ মানুষকে সাহায্য করার জন্য পর্যাপ্ত সংখ্যক কর্মী নিয়োগের আবেদন জানিয়ে নির্বাচন কমিশনে চিঠি পাঠিয়েছেন, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। ওই চিঠিতে অধীরবাবু লিখেছেন, রাজ্যের অনেক মানুষই এই ফর্ম পূরণ করতে গিয়ে সমস্যার সম্মুখীন হচ্ছেন। এরাজ্যের শাসক দল এসআইআর-এর নামে মানুষের মধ্যে ভীতির সঞ্চার করছে বলেও অভিযোগ করেছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের একাধিক পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে রদ বদলের সিদ্ধান্ত নিয়েছে তৃণমূল কংগ্রেস। উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গ মিলিয়ে মোট ৪২ টি পুরসভায় নেতৃত্বে বদল করার পরিকল্পনা রয়েছে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। ইতিমধ্যেই উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও ময়নাগুড়ি পুরসভার চেয়ারম্যান, মাল পুরসভায় ভাইস চেয়ারম্যান বদল হয়েছে। পরিবর্তন এসেছে ডালখোলা পুরসভাতেও। রায়গঞ্জ পুর প্রশাসক বোর্ডে সদস্য সংখ্যা কমানো হয়েছে।

দক্ষিণবঙ্গেও, দুর্গাপুর পুরসভার প্রশাসকমণ্ডলীর চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের নাম নতুন করে ঘোষণা করা হয়েছে। পাশাপাশি পূর্ব বর্ধমান জেলার কাটোয়া, কালনা ও দাঁইহাট পুরসভার চেয়ারম্যান বদল করা হয়েছে। কাটোয়া ও গুসকরা পুরসভার ভাইস চেয়ারম্যান পদেও এসেছে নতুন মুখ।

পূর্ব মেদিনীপুরের তমলুক ও এগরা পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদেরও সরানোর সিদ্ধান্ত নিয়েছে তৃণমূলের শীর্ষ নেতৃত্ব। বারাসাত ও বনগাঁ পুরসভার চেয়ারপারসন বদল করা হচ্ছে। হগলির বাঁশবেড়িয়া এবং চুঁচুড়া পুরসভার চেয়ারম্যান কে পদত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মানব পাচার মামলার তদন্তে তল্লাশি অভিযানে এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি ১ কোটি টাকারও বেশি নগদ বাজেয়াপ্ত করেছে বলে এক বিবৃতিতে জানানো হয়েছে।

গত শুক্রবার সকাল থেকে এক প্রভাবশালী ব্যবসায়ীর বাড়ি, অফিস সহ সাত জায়গায় তল্লাশি চালায় ইডি। বহু নথিপত্র বাজেয়াঙ্গ হয়েছে। তল্লাশি চলে দমদম, নাগেরবাজার এলাকাতে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

যাত্রী সুরক্ষায় রাজ্য সরকার পরিবহণ নিগমগুলির নতুন কেনা বাসগুলিতে স্বয়ংক্রিয় অগ্নিনির্বাপন যন্ত্র লাগানোর সিদ্ধান্ত নিয়েছে। কলকাতা সহ রাজ্যের কয়েকটি জায়গায় সম্প্রতি বাসে আগুন লাগার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে পরিবহণমন্ত্রী মেহাশিয় চক্রবর্তী, পরিবহণভবনে বৈঠক ডাকেন। পাশাপাশি ডিপোতে থাকার সময় বাসগুলির রক্ষণাবেক্ষণ ও এই কাজে যুক্ত কর্মীদের বিশেষ প্রশিক্ষণের ওপর জোর দেওয়া হয়েছে। নতুন বাস কেনার সময় ফাইবারের পরিবর্তে অ্যালোমিনিয়াম বড়ির ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রথম কিস্তির টাকা পাওয়ার পরেও গত এক বছরে বাংলার বাড়ি প্রকল্পে নির্দিষ্ট শর্ত মেনে অনেক বাড়ির কাজ শেষ না হওয়ার কারণ খুঁজে দেখার জন্যে রাজ্য সরকার জেলাশাসকদের নির্দেশ দিয়েছে। দুই চরিশ পরগনা, মুর্শিদাবাদ ও কোচবিহার জেলায় এই প্রকল্পে অনেক বাড়ির কাজ বাকি থাকায় অসন্তোষ প্রকাশ করেছেন মুখ্যসচিব মনোজ পন্থ। প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে প্রতি সপ্তাহে রিপোর্ট পাঠানোর জন্যেও জেলাশাসকদের তিনি নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে খবর। উল্লেখ্য রাজ্য এই প্রকল্পে প্রায় তিনি লক্ষ ৭০ হাজার বাড়ি তৈরির কাজ এখনও শেষ হয়নি বলে সরকারি সূত্রে জানা গিয়েছে।

oooooooooooooooooooooooooooo

সংস্কারের কাজের জন্য দ্বিতীয় ভগলী সেতু অর্থাৎ বিদ্যাসাগর সেতু আজ ১৬
ঘণ্টা বন্ধ থাকছে । ভোর পাঁচটা থেকে রাত ৯-টা পর্যন্ত এই সেতু দিয়ে যান চলাচল
বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তি জানানো হয়েছে । হাওড়া
ব্রীজের দিকে যানবাহন ঘুরিয়ে দেওয়ার কারণে আজ সেন্ট জর্জেশ গেট এবং স্ট্র্যান্ড
রোডে যানজটের আশঙ্কা করা হচ্ছে ।

oooooooooooooooooooooooooooo

কান চলচ্চিত্র উৎসবে সম্মানিত প্রথম ভারতীয় ছবি বিমল রায় পরিচালিত দো
বিদ্বা জমিন গতকাল প্রদর্শিত হয় ৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে।
ছবিটি সম্প্রতি পুনরুদ্ধার করার পর ওয়াল্ট প্রিমিয়ার হয় ভেনিসে। এরপরই দেখানো
হলো কলকাতায় সলিল চৌধুরীর শতবার্ষিকী শ্রদ্ধার্ঘ্য বিভাগে। উপস্থিত ছিলেন বিমল
রায়ের কন্যা অপরাজিতা সিনহা ও পুত্র জয় রায়। সলিল চৌধুরী, ঋত্বিক ঘটক ও
বিমল রায়ের শৃঙ্খিচারণ করে আকাশবাণীকে তিনি বলেন-

(বাইট - জয় রায়)

উল্লেখ এ বছরেই সত্যজিৎ রায়ের অরণ্যে দিনরাত্রি, রমেশ সিন্ধির শোলে এবং বিমল রায়ের দো বিঘা জমিনের পুনরুদ্ধারের কাজ শেষ হয়েছে। এই ঘটনার প্রেক্ষিতে আজকের ওপেন ফোরামের বিষয় কেন আর্কাইভ ? আলোচনায় অংশ নেবেন পরিচালক অভিজিৎ দাশগুপ্ত, প্রযোজক অঞ্জন বসু ও এডিটর অর্ধ্য কমল মিত্র।

বিকেলে শিশির মঞ্চে আলোচনার বিষয় Guru Dutt: The Melancholic Maverick.

oooooooooooooooooooooooooooo

কলকাতায় আজ অনুষ্ঠিত হচ্ছে ফিট ইন্ডিয়া সাইক্লোথন। কেন্দ্রীয় সরকারের ফিট ইন্ডিয়া মুভমেন্ট, স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া, কোল ইন্ডিয়া এবং একটি বেসরকারি

সংস্থার উদ্যোগে আজ সকালে প্রায় সাড়ে তিন হাজার প্রতিযোগী এই সাইক্লোথনে অংশ নিয়েছেন । সকালে SAI এর সামনে থেকে ৭৫, ৫০, ২৫ ও দশ কিলোমিটার বিভাগে এই এই প্রতিযোগিতা শুরু হয় ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই শীতের আমেজ অনুভূত হচ্ছে । আলিপুরে আজ সর্বনিম্নতাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ২ ডিগ্রী কম ।

শ্রীনিকেতনে গতকাল সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে প্রায় ৩ ডিগ্রী কম । আগামী ২-১ দিনে সর্বনিম্ন তাপমাত্রা আরও কিছুটা কমতে পারে বলে জানিয়েছেন আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় ।

(বাইট - সৌরিশ)

০০০০০০০০০০০০০০০০০০০

সিএবি এবং রাজ্য সরকারের পক্ষ থেকে গতকাল ইডেনে মহিলা ক্রিকেট বিশ্বকাপজয়ী দলের সদস্য রিচা ঘোষকে সংবর্ধনা দেওয়া হয় । সি এ বির তরফে রিচা ঘোষের হাতে সোনার ব্যাট, সোনার বল ও ৩৪ লক্ষ টাকার চেক তুলে দেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি । এরপর রাজ্য সরকারের তরফে মুখ্যমন্ত্রী রিচা ঘোষকে বঙ্গভূষণ পুরস্কারে সম্মানিত করা হয় । অনুষ্ঠানে খেলোয়াড়দের উপর অতিরিক্ত মানসিক চাপ দেওয়া অনুচিত বলেও মন্তব্য করেন মুখ্যমন্ত্রী ।

বাইট

রিচা ঘোষ বলেন, বিশ্বকাপ জয় করে শিলিঙ্গড়িতে ফিরে ও আজ কলকাতায় যেভাবে তাকে স্বাগত জানানো হয়েছে তাতে তিনি আপ্লুত ।

বাইট

অনুষ্ঠানে মহিলা দলের প্রাক্তন অধিনায়ক ঝুলন গোস্বামী, ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাস, রিচা ঘোষের বাবা মা, প্রাক্তন ক্রিকেটার তথা ক্রীড়া প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি, মহিলা ক্রিকেট দলের নির্বাচক শ্যামা শ, প্রমুখ উপস্থিত ছিলেন ।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo